

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 29-12-2025

Time: 1.30 P.M.

বিশেষ বিশেষ খবর –

- ১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ জামশেদপুরে অলচিকি লিপির শতবর্ষ সমারোহের সমাপ্তি অনুষ্ঠানের উদ্বোধন করেছেন।
- ২) উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন বলেছেন, বহু বিশিষ্ট কবি ও চিন্তাবিদ তামিল ভাষাকে জ্ঞানের আলোকবর্তিকায় পরিণত করেছেন।
- ৩) আরাবল্লি পর্বতমালার শ্রেণী বিন্যাস সংক্রান্ত মামলায় সুপ্রিম কোর্ট তার নিজস্ব নির্দেশের ওপর স্থগিতাদেশ দিয়েছে।
- ৪) সাংগঠনিক বৈঠক সহ এক গুচ্ছ কর্মসূচীতে যোগ দিতে আজ পশ্চিমবঙ্গে আসছেন শীর্ষ বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্।
- ৫) কলকাতার নিউটাউনে প্রস্তাবিত দুর্গাঙ্গন প্রকল্পের স্থান পরিবর্তন ঘিরে তীব্র বিতর্ক তৈরি হয়েছে। এই প্রকল্প তোষণ নীতি ও ভন্ডামিতে ভরা বলে অভিযোগ বিজেপির।
- ৬) কাতারের দোহায় ফিডে পুরুষ ও মহিলাদের World Rapid দাবা চ্যাম্পিয়ানশিপে ভারতের অর্জুন এরিগাইসি এবং কোনেরু হাম্পি পুরুষ ও মহিলাদের বিভাগে ব্রোঞ্জ পদক পেয়েছেন।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ অলচিকি লিপির শতবর্ষ সমারোহের সমাপ্তি অনুষ্ঠানের উদ্বোধন করেছেন। ঝাড়খন্ডের পূর্ব সিংভূম জেলার জামশেদপুরে তিনি এই অনুষ্ঠানের সূচনা করেন। এর আগে আজ সকালে রাষ্ট্রপতি চারদিনের সফরে ঝাড়খন্ড পৌঁছান। ১৯২৫ সালে সাঁওতালী ভাষার অলচিকি লিপি তৈরি হয়েছিল। পন্ডিত রঘুনাথ মুর্মু এই লিপি তৈরি করেন। অলচিকি লিপিটি সাঁওতাল সম্প্রদায়ের সাংস্কৃতিক ও ভাষাগত ঐতিহ্য রক্ষায় বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়ে আসছে। আজই রাষ্ট্রপতি জামশেদপুরের ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেকনলজি, এন আই টি-র পঞ্চদশ সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ দেবেন। আগামীকাল তিনি গুমলায় আন্তঃরাজ্য জন সাংস্কৃতিক সমাগম সমারোহ – কার্তিক যাত্রায় অংশ নেবেন।

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন বলেছেন, পুদুচেরি শতাব্দীর পর শতাব্দী ধরে বিশ্বের কাছে শুধু দেশের প্রাচীন সভ্যতা নয়, বরং চিরন্তন মূল্যবোধও পৌঁছে দিয়েছে। উপরাষ্ট্রপতি হিসেবে কেন্দ্রশাসিত অঞ্চলে তাঁর প্রথম সফরের সময় পুদুচেরিতে ভাষণ দিতে গিয়ে তিনি এ-কথা বলেন।

উপরাষ্ট্রপতি বলেন, পুদুচেরি তার সাংস্কৃতিক ঐতিহ্যকে সযত্নে সংরক্ষণ করেছে। তিনি বলেন, সুব্রহ্মণ্য ভারতী, ভি.ভি.এস. আইয়ার এবং ভারতীদাসনের মতো বিশিষ্ট কবি ও চিন্তাবিদরা এই ভূমিতেই তামিল ভাষাকে জ্ঞানের আলোকবর্তিকায় পরিণত করেছিলেন।

পুদুচেরির উন্নয়নে কেন্দ্রের প্রতিশ্রুতির ওপর জোর দিয়ে উপরাষ্ট্রপতি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর তামিল ভাষা, তামিলনাড়ু এবং পুদুচেরির প্রতি গভীর ভালোবাসার কারণে স্মার্ট সিটি মিশনের অধীনে এই অঞ্চলগুলি বিপুল সংখ্যক প্রকল্পের

সুবিধা পেয়েছে। উপ-রাষ্ট্রপতি আজ পুদুচেরীর কুমারাগুরুপল্লমে স্মার্ট সিটি প্রকল্পের আওতায় আবাসনের সুবিধাপ্রাপকদের হাতে বাড়ির চাবি তুলে দেন। আজকের অনুষ্ঠানে শাস্ত্রি, জয়ন্তী, লক্ষ্মী, আম্মু এবং মণিমেখলাই-এর বস্তির বাসিন্দারা উপরাষ্ট্রপতির হাত থেকে আবাসনের চাবি গ্রহণ করেন। অনুষ্ঠানে উপ-রাজ্যপাল কে কৈলাশ নাথন এবং মুখ্যমন্ত্রী এন রঙ্গস্বামী ভাষণ দেন।

এর আগে, সকালে উপরাষ্ট্রপতি পুদুচেরি পৌঁছলে উপ-রাজ্যপাল কে কৈলাশ নাথন, মুখ্যমন্ত্রী এন রঙ্গস্বামী বিধানসভার অধ্যক্ষ আর সেলভাম, মন্ত্রিসভার সদস্য, সাংসদ ও বিধায়করা তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানান।

কেন্দ্রীয় কৃষি মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ উত্তরাখণ্ডের চামোলি জেলার গৌচারে রাজ্য স্তরের কৃষক দিবস অনুষ্ঠানে যোগ দেবেন। রাজ্য কৃষি মন্ত্রী গণেশ জোশী গতকাল অনুষ্ঠানের অকুস্থলে ব্যবস্থাপনা পরিদর্শন করেন। তিনি বলেন, এই অনুষ্ঠানে কৃষকদের সমস্যা নিয়ে সরাসরি কথার বোলার মঞ্চ। অনুষ্ঠানের উদ্বোধন করবেন শ্রী চৌহান। কৃষকদের সঙ্গে আলোচনা অনুষ্ঠান থেকে সরাসরি উত্তরাখণ্ডের ৯৫ টি উন্নয়ন ব্লকে প্রচারিত হবে। এই অনুষ্ঠানের মঞ্চে সরকারি প্রকল্প নিয়ে সচেতনতা তৈরি করা হবে বলেও জানান গণেশ জোশী। তিনি আরও বলেন, উত্তরাখণ্ড সরকারের পক্ষ থেকে প্রতি মাসের বৃহস্পতি বার কৃষক দিবস হিসেবে পালন করা হবে।

বিকশিত ভারত জি-রাম-জি আইন কার্যকর হওয়ায় রাজ্যগুলি বিগত সাত বছরের তুলনায় আরও ১৭ হাজার কোটি টাকা বেশি বরাদ্দ পাবে। ২০ বছরের পুরনো এম জি

নারেগা আইনের পরিবর্তে নতুন এই আইনটি চালু হওয়ায় রাজ্যগুলির এই সুবিধা হবে বলে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার এক সমীক্ষার রিপোর্টে জানা গেছে। সম্প্রতি শেষ হওয়া সংসদের শীতকালীন অধিবেশন এই সংক্রান্ত বিলটি পাস হয় এবং পরে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর অনুমোদন ক্রমে এটি আইনে পরিণত হয়েছে। নতুন এই আইনে গ্রামীণ পরিবারগুলির জন্য ১-শো দিনের জায়গায় ১২৫ দিন কর্মসংস্থানের ব্যবস্থা রয়েছে।

আরাবল্লী পর্বতমালার শ্রেণীবিন্যাস সংক্রান্ত মামলায় সুপ্রিম কোর্ট তার নিজস্ব আদেশের ওপর স্থগিতাদেশ জারি করেছে। শীর্ষ আদালত, বিশেষজ্ঞদের একটি প্যানেলের রিপোর্ট চেয়েছে। আজকের রায়ে আদালত বলেছে, পূর্বে অনুমোদিত পাহাড় ও পর্বতের সংজ্ঞা সম্পর্কে আরও স্পষ্ট ধারণার প্রয়োজন রয়েছে।

ভারতের প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জে কে মাহেশ্বরী এবং বিচারপতি অগাস্টিন জর্জ মাসিহো-কে নিয়ে গঠিত শীর্ষ আদালতের অবকাশকালীন বেঞ্চে আজ এই মামলার শুনানি হয়।

উন্নাও ধর্ষণে অভিযুক্ত কুলদীপ সেন্গার মামলায় দিল্লি হাইকোর্টের নির্দেশের উপর স্থগিতাদেশ দিল সুপ্রিমকোর্ট। আপাতত জেল থেকে ছাড়া যাবেনা কুলদীপকে নির্দেশ শীর্ষ আদালতের।

শীর্ষ আদালতের শীতকালীন অবকাশকালীন তিন বিচারপতি প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জে কে মাহেশ্বরী ও বিচারপতি অগাস্টিন জর্জ মসির বেঞ্চে এদিন

কেন্দ্রের সলিসিটর জেনারেল তুষার মেহেতার পাশাপাশি কুলদীপের আইনজীবীর বক্তব্যও শোনেন।

সেই পরিপ্রেক্ষিতেই প্রধান বিচারপতির বেঞ্চের পর্যবেক্ষণ, একজন গণধর্ষণে অভিযুক্তকে যখন ছেড়ে দেওয়ার নির্দেশ দেওয়া হয় তখন অভিযুক্তের বক্তব্য না শুনে সেই নির্দেশের উপর স্থগিতাদেশ দেওয়া সহজ বিষয় নয়। বিশেষত এই মামলার ক্ষেত্রে আলাদা অভিযোগ রয়েছে অভিযুক্তের বিরুদ্ধে। সেই জন্য আদালত আপাতত দিল্লি হাইকোর্টের ২৩ ডিসেম্বরের নির্দেশের উপর স্থগিতাদেশ জারি করেছে। চার সপ্তাহের মধ্যে অভিযুক্তকে হলফনামা দিয়ে নিজের বক্তব্য জানাতে নির্দেশ দিয়েছে আদালত।

উল্লেখ্য দিল্লি হাইকোর্ট কুলদীপের যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশের উপর স্থগিতাদেশ দিয়েছিল গত ২৩ ডিসেম্বর। সেই নির্দেশের বিরুদ্ধে সুপ্রিমকোর্টের দ্বারস্থ হয়েছিল সিবিআই।

তেলেঙ্গানার ধানুরে শিল্প-কারখানায় বিস্ফোরণের ঘটনার জেরে পুলিশ সিগাছি ইন্ডাস্ট্রিজ লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর তথা মুখ্য কার্যনির্বাহী আধিকারিক অমিত রাজ সিনহাকে গ্রেফতার করেছে। মাসছয়েক আগে এই বিস্ফোরণের ঘটনায় ৫০ জন নিহত এবং আরও বেশ কয়েকজন আহত হয়েছিলেন। ট্যাবলেট ও ক্যাপসুলের জন্য ব্যবহৃত একটি বিশেষ রাসায়নিক যৌগ এই কারখানায় তৈরি করা হতো। নিহত শ্রমিকদের পরিবারের সদস্যদের দায়ের করা অভিযোগের ভিত্তিতে চালু হওয়া মামলায় গ্রেফতার অমিত রাজকে দ্বিতীয় প্রধান আসামী হিসেবে দেখানো হয়েছে।

উল্লেখ্য, এবছরের জুন মাসের ৩০ তারিখে এই বিস্ফোরণ ঘটেছিল। এই ঘটনায় দায়িত্ব নির্ধারণে গড়িমসির অভিযোগ তুলে তেলেঙ্গানা হাইকোর্টে এক জনস্বার্থ মামলার প্রেক্ষিতে সম্প্রতি হাইকোর্ট যে রায় দিয়েছে, তারই জেরে ঘটনার প্রধান অভিযুক্ত সংশ্লিষ্ট কারখানার ম্যানেজিং ডিরেক্টরকে অন্যতম প্রধান অভিযুক্ত হিসেবে গ্রেফতার করা হয়েছে। গ্রেফতার ওই আসামীকে বিচারবিভাগীয় হেফাজতের নির্দেশ দেওয়া হয়েছে।

ঘন কুয়াশায় উত্তর ভারতের বেশ কিছু এলাকায় দৃশ্যমানতা কমে যাওয়ায় বিমান ও ট্রেন চলাচল ব্যাহত হচ্ছে। রেলের দিল্লি ডিভিশন জানিয়েছে, দিল্লিগামী প্রায় ১৮টি ট্রেন তিন ঘণ্টারও বেশি দেরিতে চলছে। এদিকে, দিল্লি বিমানবন্দর সূত্রে জানা গেছে, কুয়াশার কারণে আজ ৬৪টি উড়ান বাতিল করা হয়েছে।

এদিকে, অসামরিক বিমান পরিবহন মন্ত্রক একটি পরামর্শ জারি ক'রে যাত্রীদের বিমান সংস্থাগুলির সঙ্গে যোগাযোগ রাখতে বলেছে। এয়ার ইন্ডিয়া, ইন্ডিগো এবং স্পাইসজেটসহ বিভিন্ন বিমান সংস্থা যাত্রীদের বিমানবন্দরে যাওয়ার আগে তাদের উড়ানের অবস্থা দেখে নিতে পরামর্শ দিয়েছে। যাত্রীদের বিমানবন্দর পৌঁছানো এবং চেক-ইন পদ্ধতির জন্য অতিরিক্ত সময় হাতে রাখতে এবং সেই অনুযায়ী তাদের ভ্রমণের পরিকল্পনা করতেও বলেছে মন্ত্রক।

সাংগঠনিক বৈঠক সহ একগুচ্ছ কর্মসূচিতে যোগ দিতে আজ পশ্চিমবঙ্গে আসছেন অন্যতম শীর্ষ বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। আগামীকাল এবং বুধবার রাজ্য বিজেপির পদাধিকারীদের সঙ্গে একগুচ্ছ সাংগঠনিক বৈঠক করবেন তিনি।

ভোটমুখী পশ্চিমবঙ্গে দলীয় রণকৌশল নিয়ে আলোচনা হবে বলে মনে করা হচ্ছে। রাজ্য বিজেপি সূত্রে খবর, আজ সন্ধ্যায় কলকাতা পৌঁছে বিধাননগরে সংক্ষিপ্ত বৈঠক সেরে শ্রী শাহ রওনা দেবেন হোটেলের উদ্দেশ্যে। মঙ্গলবার বিধাননগরে বেলা ১২টা নাগাদ একটি সাংগঠনিক বৈঠক করার কথা রয়েছে তাঁর।

শেষ মুহূর্তে কলকাতার নিউটাউনের প্রস্তাবিত দুর্গাঙ্গন প্রকল্পের স্থান পরিবর্তন নিয়ে রাজনৈতিক বিতর্ক দানা বেঁধেছে। প্রাথমিকভাবে নির্ধারিত জমি বদল এবং কাজ শুরুর পর হঠাৎ সিদ্ধান্ত পরিবর্তন ঘিরে সরকারের পরিকল্পনা ও বাস্তবায়ন প্রক্রিয়া নিয়ে প্রশ্ন তুলেছে বিরোধীরা। ইকোপার্কের উল্টোদিকের জমির পরিবর্তে অ্যাকশন এরিয়া ওয়ানে নিউ টাউন বাস টার্মিনাসের উল্টোদিকের একটি জমিকে ওই প্রকল্প গড়ে তোলা হবে বলে স্থির করা হয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ সেখানে প্রস্তাবিত দুর্গাঙ্গনের শিলান্যাস করবেন। যুবভারতীতে লিয়োনেল মেসির অনুষ্ঠানে বিক্ষোভের সঙ্গে এই ঘটনাকে যুক্ত করে তীব্র কটাক্ষ শানিয়েছেন বিজেপির আই টি সেলের প্রধান অমিত মালব্য। নিজের এক্স হ্যাণ্ডেলে মুখ্যমন্ত্রীকে কটাক্ষ করে তিনি লেখেন তাঁর তথাকথিত ‘দুর্গাঙ্গন’ প্রকল্প তোষণনীতি ও ভণ্ডামিতে ভরা, যা রাজনীতিরই চেনা ছক। এই প্রকল্প বাঙালি হিন্দুদের বিশ্বাস ও ধর্মীয় অনুভূতিকে উপহাস করছে এবং ভক্তিকে ভোটব্যাঙ্কে পরিণত করার কৌশলবলে তিনি দাবি করেন। কী কারণে একেবারে শেষমুহূর্তের দুর্গাঙ্গনের জায়গা পরিবর্তন করা হল, তা নিয়ে হিডকোর তরফে কিছু জানানো হয়নি। তবে রাজারহাট-নিউ টাউনের বিধায়ক তাপস চট্টোপাধ্যায় দাবি করেছেন দুর্গাঙ্গনের জমি চূড়ান্ত করার আগে একাধিক বিষয় খতিয়ে দেখেছে দায়িত্বপ্রাপ্ত সংস্থা হিডকো। শহরের সবথেকে বড় মন্দির চত্বর থাকবে দুর্গাঙ্গনে।

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প আজ ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর সঙ্গে সাক্ষাৎ করবেন। গাজায় প্রসঙ্গে যুদ্ধবিরতি কার্যকর করার বিষয়ে অগ্রগতির বিষয়ে উভয় নেতার মধ্যে কথা হবে বলে আশা করা হচ্ছে। আলোচনায়, লেবাননের হিজবুল্লাহ এবং ইরান প্রসঙ্গও উঠে আসবে বলে ধারণা করা হচ্ছে।

নেতানিয়াহু বলেছেন, ট্রাম্পের সঙ্গে আলোচনায় গাজা থেকে ইজরায়েলের সেনা প্রত্যাহার এবং হামাসের নিরস্ত্রীকরণ নিয়ে কথা হবে। উল্লেখ্য, যুদ্ধবিরতি অক্টোবর মাসে শুরু হলেও, ইজরায়েল ও হামাস উভয় পক্ষই একে অপরের বিরুদ্ধে তা লঙ্ঘনের অভিযোগ করেছে। ইজরায়েল সতর্ক করে বলেছে, হামাস নিরস্ত্রীকরণে রাজি না হলে না তারা পূর্ণাঙ্গ সামরিক অভিযান পুনরায় শুরু করতে পারে।

শীতকালীন ঝড়ে মার্কিন যুক্তরাষ্ট্রের বিভিন্ন প্রদেশে জনজীবন ব্যাহত হয়েছে। এরফলে সেদেশের আপার মিড ওয়েস্ট এবং গ্রেট লেক্স অঞ্চলে প্রবল তুষারপাত এবং ঝড়ে যোগাযোগ ব্যবস্থা ব্যাহত হয়েছে।

অন্যদিকে, দক্ষিণাঞ্চলে উষ্ণ আবহাওয়া দেখা দিয়েছে। তবে, ঝড়ের প্রভাবে ধীরে ধীরে এই অঞ্চলেও ঠান্ডা বাড়ছে। আটলান্টা, ডালাস এবং লিটল রকের মতো শহরগুলিতে প্রবল ঠান্ডা পড়েছে। কানাডার দিক থেকে বয়ে আসা শীতল বায়ু প্রবাহ দক্ষিণাঞ্চলের উষ্ণ বাতাসের সঙ্গে মিলে ঝড়-বৃষ্টি এবং তুষারপাত ঘটিয়েছে। বহু জায়গাতেই বিমান উড়ান বিলম্বিত বা ব্যাহত হয়েছে।

শ্রীলঙ্কায় ঘোষিত জরুরী অবস্থার মেয়াদ আরো বাড়ানো হয়েছে। দিতওয়া ঘূর্ণিয়ার সে দেশে ব্যাপক ধ্বংস যজ্ঞ হওয়ার প্রেক্ষিতে রাষ্ট্রপতি অনুরা কুমারা দিসানায়েকে এক মাস আগে জরুরী অবস্থা জারি করেছিলেন। উদ্ধার ও ত্রাণ সহায়তা প্রদানের জন্য সামরিক বাহিনীসহ সমস্ত ত্রাণ সংস্থাগুলোর মধ্যে সমন্বয় সাধনের লক্ষ্যে জরুরী অবস্থা ঘোষণা করা হয়েছিল। রাষ্ট্রপতির সচিবালয় থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে এই জরুরী অবস্থার মেয়াদ আরো একমাস বাড়ানোর কথা জানানো হয়েছে।

মেক্সিকোর তেহুয়ানতেপেক ইস্তমাসের ইন্টারওশিয়ানিক করিডোরে সালিনা ব্রুজ-কোয়াতজাকোয়ালকোস রুটে একটি যাত্রীবাহী ট্রেন লাইনচ্যুত হয়ে ১৩ জন নিহত এবং ৯৮ জন আহত হয়েছেন। ট্রেনটিতে প্রায় ২৫০ জন যাত্রী ছিলেন বলে স্থানীয় কর্মকর্তারা জানিয়েছেন।

মেক্সিকোর নৌবাহিনী ৩৬০ জন কর্মী নিয়ে উদ্ধার অভিযান চালাচ্ছে। উদ্ধারকাজে অ্যাম্বুলেন্স, বায়ুসেনার বিমান, এবং একটি ড্রোন মোতায়েন করা হয়েছে। দুর্ঘটনার কারণ খতিয়ে দেখা হচ্ছে। মেক্সিকোর প্রেসিডেন্ট ক্লডিয়া শেইনবাউম আহতদের প্রয়োজনীয় চিকিৎসা সহায়তা প্রদানের নির্দেশ দিয়েছেন।

উত্তর কোরিয়ার রাষ্ট্রপ্রধান কিম জং-উন ইয়েলো সি-তে দূরপাল্লার কৌশলগত ব্রুজ ক্ষেপণাস্ত্রের একটি পরীক্ষামূলক উৎক্ষেপণ প্রত্যক্ষ করেছেন। ক্ষেপণাস্ত্রগুলো নির্দিষ্ট লক্ষ্যবস্তুতে সফলভাবে আঘাত হানে, যা উত্তর কোরিয়ার কৌশলগত প্রতি আক্রমণের সক্ষমতার নিরঙ্কুশ নির্ভরযোগ্যতা এবং যুদ্ধপ্রস্তুতি প্রদর্শন করে। নিরাপত্তা

হুমকির মুখে কিম উত্তর কোরিয়ার পারমাণবিক প্রতিরোধ ব্যবস্থার নিয়মিত পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজনীয়তার ওপর জোর দেন।

এদিকে, দক্ষিণ কোরিয়া জানিয়েছে, তারা গতকাল পিয়ংইয়ংয়ের কাছ থেকে একাধিক ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ শনাক্ত করেছে এবং বছরের শেষ নাগাদ আরও ক্ষেপণাস্ত্র পরীক্ষার সম্ভাবনার বিষয়ে সতর্ক করেছে।

জম্মুর মৌলানা আজাদ স্টেডিয়াম স্কেটিং রিঙ্কে আজ থেকে সপ্তদশ জুনিয়র রোল বল জাতীয় চ্যাম্পিয়নশিপ শুরু হচ্ছে। ২৬টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল থেকে অন্তত ৬০০ জন খেলোয়াড় এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। তরুণদের মধ্যে রোল বল খেলাকে জনপ্রিয় করা এবং এই অঞ্চলে ক্রীড়া সংস্কৃতিকে শক্তিশালী করা এই ইভেন্টের লক্ষ্য। আয়োজকরা জানিয়েছেন, এই প্রতিযোগিতা, ক্রীড়া ইভেন্ট আয়োজন করার কেন্দ্র হিসেবে জম্মুর ক্রমবর্ধমান গুরুত্বকে তুলে ধরে।

কাতারের দোহায় ফিডে পুরুষ ও মহিলাদের World Rapid দাবা চ্যাম্পিয়নশিপে ভারতের অর্জুন এরিগাইসি এবং কোনেরু হাম্পি পুরুষ ও মহিলাদের বিভাগে ব্রোঞ্জ পদক পেয়েছেন। ১০ দশমিক পাঁচ পয়েন্ট পেয়ে ম্যাগনাস কার্লসেন প্রতিযোগিতায় চ্যাম্পিয়ান হয়েছেন। মহিলা বিভাগে আলেকজান্দ্রা গরিয়াচিকিনা চ্যাম্পিয়ান হয়েছেন।